

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
নারায়ণগঞ্জ
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.narayanganj.gov.bd



নম্বর: ০৫.৪১.৬৭০০.৬০১.০৪.০১১.১৬.১৪৪৮

তারিখ: ২৮ কার্তিক ১৪২৮

১৩ নভেম্বর ২০২১

আদেশ

যেহেতু আগামী ১৪ নভেম্বর ২০২১ হতে ২৩ নভেম্বর ২০২১ পর্যন্ত সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ পর্যন্ত এবং দুপুর ২:০০টা হতে বিকাল ৫:০০ পর্যন্ত এসএসসি, এসএসসি(ভোকেশনাল) ও দাখিল পরীক্ষা-২০২১, ১) নারায়ণগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ২) আই.ই.টি সরকারি উচ্চ বিদ্যালয়, নারায়ণগঞ্জ, ৩) কমর আলী হাই স্কুল এন্ড কলেজ, নারায়ণগঞ্জ, ৪) মর্গ্যান গার্লস স্কুল এন্ড কলেজ, নারায়ণগঞ্জ, ৫) নারায়ণগঞ্জ বার একাডেমি, ৬) সিদ্ধিরগঞ্জ রেবতী মোহন পাইলট স্কুল এন্ড কলেজ, নারায়ণগঞ্জ, ৭) দেওভোগ হাজী উজির আলী উচ্চ বিদ্যালয়, নারায়ণগঞ্জ, ৮) পাগলা উচ্চ বিদ্যালয়, নারায়ণগঞ্জ, ৯) হরিহরপাড়া উচ্চ বিদ্যালয়, নারায়ণগঞ্জ, ১০) এম. ডব্লিউ উচ্চ বিদ্যালয়, নারায়ণগঞ্জ, ১১) নারায়ণগঞ্জ গার্লস স্কুল এন্ড কলেজ, ১২) আদর্শ বালিকা বিদ্যালয় ও কলেজ, নারায়ণগঞ্জ, ১৩) নারায়ণগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, (১৪) টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউশন, সানারপাড়, মির্জামিজি, নারায়ণগঞ্জ (১৫) দেলপাড়া হাই স্কুল, নারায়ণগঞ্জ (১৬) নারায়ণগঞ্জ ইসলামিয়া কামিল (এম.এ) মাদরাসা, নারায়ণগঞ্জ কেন্দ্রে অনুষ্ঠিত হবে;

এবং যেহেতু আমার কাছে প্রতীয়মান হয় যে, অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে উক্ত পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট পরীক্ষার্থী এবং পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি ছাড়া অন্যদের বর্ণিত পরীক্ষা কেন্দ্রে এ লক্ষ্যে অবাধ যাতায়াত রহিত করা প্রয়োজন;

সেহেতু আমি মোস্তাইন বিল্লাহ, জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ, ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর প্রদত্ত ক্ষমতাবলে উল্লিখিত পরীক্ষা কেন্দ্রসমূহের ২০০ গজ ব্যাসার্ধের মধ্যে আগামী ১৪ নভেম্বর ২০২১ হতে ২৩ নভেম্বর ২০২১ পর্যন্ত পরীক্ষা চলাকালীন সময়ে ফৌজদারি কার্যবিধির ১৪৪ ধারা জারী করলাম।

১৪৪ ধারা জারীকৃত সময়ে উল্লিখিত পরীক্ষা কেন্দ্র এলাকায়:

১. যেকোন ধরনের জটলা, মিটিং, মিছিল কিংবা সভা-সমাবেশ করা যাবে না;
২. যেকোন ধরনের অস্ত্র বহন ও সন্দেহজনক ঘোরাফেরা করা যাবে না;
৩. উক্ত এলাকায় শান্তি-শৃঙ্খলার ব্যাঘাত সৃষ্টি এবং তাতে উৎসাহ প্রদান করে এমন কোন কাজ করা যাবে না;
৪. উক্তরূপ উদ্দেশ্যে কোন মাইক বা হর্ন ব্যবহার করা যাবে না;

এ আদেশ পরীক্ষা গ্রহণের কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ ও আইন-শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত বাহিনীর ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

১৩-১১-২০২১

মোস্তাইন বিল্লাহ

জেলা ম্যাজিস্ট্রেট

ফোন: +৮৮০২-৭৬৪৬৬৪৪

ফ্যাক্স: +৮৮০২-৭৬৪৬৭৫২

ইমেইল:

dcnarayanganj@mopa.gov.bd

নম্বর: ০৫.৪১.৬৭০০.৬০১.০৪.০১১.১৬.১৪৪৮/১

তারিখ: ২৮ কার্তিক ১৪২৮

১৩ নভেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পুলিশ সুপার, নারায়ণগঞ্জ (পরীক্ষা কেন্দ্রে/ভেন্যু কেন্দ্রে এবং ট্রেজারি/ব্যাংক হতে প্রাপ্ত সরবরাহের সময় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের অনুরোধসহ)
 - ২) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, নারায়ণগঞ্জ
 - ৩) অতিরিক্ত জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ (সকল)
 - ৪) উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর/বন্দর/সোনারগাঁও/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ
 - ৫) সহকারী কমিশনার (ভূমি), নারায়ণগঞ্জ সদর/ফতুল্লা রাজস্ব সার্কেল/সিদ্ধিরগঞ্জ রাজস্ব সার্কেল/বন্দর/সোনারগাঁও/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ
 - ৬) সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (সকল)
 - ৭) নেজারত ডেপুটি কালেক্টর, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ (যানবাহন সরবরাহের অনুরোধসহ)।
 - ৮) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, নারায়ণগঞ্জ
 - ৯) তথ্য অফিসার, তথ্য অফিসারের দপ্তর, জেলা তথ্য অফিস, নারায়ণগঞ্জ
 - ১০) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নারায়ণগঞ্জ
 - ১১) অফিসার ইনচার্জ, নারায়ণগঞ্জ সদর মডেল থানা/ফতুল্লা মডেল থানা/ সিদ্ধিরগঞ্জ থানা/বন্দর/সোনারগাঁও/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ, নারায়ণগঞ্জ।
 - ১২) অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
- নারায়ণগঞ্জ।



১৩-১১-২০২১

মোস্টাইন বিল্লাহ

জেলা ম্যাজিস্ট্রেট